ইত্তেফাক

তারিখ 5/10/74
পৃষ্ঠা 4 কলাম 4

02

# মাধ্যমিক শিক্ষকদের কর্মবিরতি

( ইত্তেফাক রিপোর্ট )

দেশের সরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলির সকল স্তরের শিক্ষকগণ গতকাল (বুধবার) হইতে তাঁহাদের ৭ দফা দাবীর ভিত্তিতে কর্ম বিরতি শুরু করিয়াছেন। ইহার ফলে দেশের বিভিন্ন এলাকায় অবস্থিত ১শত ৭০টি সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল কোন ক্লাস হয় নাই বলিয়া শিক্ষক সমিতি সূত্রে জানা গিয়াছে। এই কর্ম বিরতিতে প্রায় ৬ হাজার সরকারী মাধ্যমিক শিক্ষক অংশ নিয়াছে।

সমিতির সাধারণ সম্পাদক মীর আবদুল বাতেন জানান, তাঁহাদের ৭ দফা দাবী না মানিয়া নেওয়া পর্যন্ত তাঁহাদের এই কর্ম-বিরতি অব্যাহত থাকিবে।